সমকাল

তারিখ 27 NOV 2017
পৃষ্ঠা ৬ কলাম

শাহজালাল বিশ্ববিদ্যালয়

# পরীক্ষা ছাড়া ভর্তির সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীর ফল বাতিল

■ শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) 'বি-১' ইউনিটে পরীক্ষা না দিয়েই মেধাতালিকা অনুযায়ী ভর্তির সুযোগ পাওয়া শিক্ষার্থীর ফল বাতিল করা হয়েছে। এ ঘটনায় অতিদ্রুত ফল সংশোধন করা হবে বলে জানিয়েছে ভর্তি কমিটি। পাশাপাশি পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব পালনে গাফিলতির জন্য হল পরিদর্শকদের সতর্ক হওয়ার আহ্বান জানানো হয়েছে। গতকাল রোববার দুপুরে শাবির শিক্ষা ভবন 'ডি'-এর সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন কার্যালয়ে ভর্তি কমিটির এক জরুরি সভা শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে গত শুক্রবার সমকালে 'শাবিতে নানা অনিয়ম : পরীক্ষা না দিয়েই ভর্তির সুযোগ!' শিরোনামে সংবাদ প্রকাশ হলে তুমুল সমালোচনা শুরু হয়। আসিফুজ্জামান ইমন নামের ওই শিক্ষার্থী বিষয়টি বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানান। কিন্তু কোনো ধরনের ব্যাখ্যা ছাড়াই প্রশাসন শাবির ওয়েবসাইট থেকে তার ফল সরিয়ে মূল ভর্তিযোগ্য তালিকায় নেই এমন আরেক শিক্ষার্থীর ফল বসিয়ে দেয়।

ভর্তি কমিটির একটি সূত্র জানায়, পরীক্ষা না দিয়েও প্রকাশিত ফলে নাম আসায় এক শিক্ষার্থীর ফল সভায় বাতিল করা হয়। আরেক পরীক্ষার্থী রোল নম্বরে বৃত্ত ভরাট করতে ভুল করে অনুপস্থিত আরেকজনের রোল নম্বর পূরণ করেছিলেন। এ ঘটনায় ওই পরীক্ষা কক্ষের দায়িত্বপ্রাপ্ত পরিদর্শকরা উপস্থিতি সঠিকভাবে যাচাই-বাছাই না করায় এই ভুল ধরা পড়েনি বলে সভায় ব্যাখ্যা দেওয়া হয়। এ ঘটনায় ওই কক্ষের পরিদর্শকদের ভবিষ্যতে এমন অবহেলার ব্যাপারে সতর্ক থাকতে আহ্বান জানানো হয়।

বিষয়টি নিয়ে ড. আবদুল গণি বলেন, সভায় পরীক্ষা না দিয়েই ভর্তির সুযোগ পাওয়া শিক্ষার্থীর ফল বাতিল করা হয়েছে। বৃত্ত ভরাট করতে ভুল করা শিক্ষার্থীর ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং এসএসসি ও এইচএসসির ফলের ওপর ভিত্তি করে প্রাপ্ত নম্বর বিবেচনা করে ফল সংশোধন করা হবে।